

## দ্বিতীয় অধ্যায়

মডেল--০৩

(০১) চৌমুহনী সরকারি এস. এ. কলেজের অধ্যক্ষ মহোদয় ডিজিটাল পদ্ধতিতে শ্রেণি কক্ষে নোটিশ প্রেরণ করেন এবং অফিস কক্ষে বসেই ছাত্র-ছাত্রীদের সাথে মত বিনিময় করেন। কিন্তু সমস্যা হচ্ছে তাকে প্রত্যেক শ্রেণি কক্ষে আলাদাভাবে নোটিশ প্রেরণ এবং ছাত্র-ছাত্রীদের সাথে মত বিনিময় করতে হয়। এখন তিনি এমন একটি ট্রান্সমিশন ব্যবস্থা চান যেখানে একই সাথে সব কক্ষে নোটিশ প্রেরণ ও মত বিনিময় করা যায় এবং প্রয়োজনে একটি রুমে সম্প্রচার বন্ধ রাখা যায়।

ক. ডেটা কমিউনিকেশন কি?

খ. হাব ও সুইচের ২টি পার্থক্য লিখ।

গ. চৌমুহনী সরকারি এস. এ. কলেজে বিদ্যমান ট্রান্সমিশন মোডটি ব্যাখ্যা কর।

ঘ. অধ্যক্ষ মহোদয়ের প্রত্যাশা পূরণের জন্য ট্রান্সমিশন মোডটি কী হতে পারে? যুক্তিসহ ব্যাখ্যা কর।